

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
www.sadar.sunamganj.gov.bd

নম্বর- ০৫.৪৬.৯০৮৯.০০০.১৯.০০১.২০.৭০৬

তারিখ : ১৬.০৩.২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি


বিষয় : অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের (প্রয়োজ্য ক্ষেত্রে) নামে বাসস্থান বরাদ্দের নিমিত্ত নির্ধারিত (সংযুক্ত) ছকে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন যথাযথভাবে পূরণপূর্বক উপযুক্ত প্রমাণাদিসহ আগামী ২৫/৩/২০২০ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জে দাখিল করা যাবে। উল্লেখ্য যে, আবেদন ছক ও অন্যান্য তথ্যাদি এ কার্যালয়ের ওয়েবসাইট www.sadar.sunamganj.gov.bd, উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, সুনামগঞ্জ সদর, সকল ইউনিয়ন পরিষদ কার্যালয় ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে জানা যাবে।

আবাসন বরাদ্দের ক্ষেত্রে প্রাধিকারসহ অন্যান্য বিবেচ্য বিষয় (যোগ্যতা, অযোগ্যতা ইত্যাদি) :

১. অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা যিনি আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন তাঁর অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত ভারতীয় তালিকা/লালমুক্তিবর্তা অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকা) বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় নাম থাকতে হবে।
২. যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান, ইতোমধ্যে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে প্লট/ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন ঋণ পাননি, তারাই আলোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
৩. অসচ্ছল শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী, উপার্জনে অক্ষম প্রতিবন্ধী ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত সন্তান এবং উপার্জনে অক্ষম বিধবা/স্বামী পরিত্যক্তা/অবিবাহিত (বয়স্ক) কন্যা আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। একজন শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিপরীতে বিধবা স্ত্রী কিংবা সন্তান কেবলমাত্র একটি আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের একাধিক ওয়ারিশের ক্ষেত্রে কো-শেয়ারারদের ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অনাপত্তি পত্র থাকতে হবে।

সংযুক্তি: আবেদন পত্র (০১ পাতা)।


২৬.০৩.২০২০
(ইয়াসমিন নাহার রুমা)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

আবাসন বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটি
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে-

- ১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪।
- ২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, (সকল) ইউপি, সুনামগঞ্জ সদর।
- ৬। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৭। নোটিশ বোর্ড।